ঝিনাইদহের শৈলকুপায় প্রতিপক্ষের হামলায় ভাংচুর-লুটপাট

ঝিনাইদহ শৈলকুপা উপজেলার নিত্যানন্দপুর ইউনিয়নের শেখড়া গ্রামের নির্বাচন পরবর্তী সহিংসতায় প্রতিপক্ষের ১০ টি বাড়িঘরে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করার অভিযোগ উঠেছে। গতকাল শনিবার রাতে উপজেলার ওই গ্রামের মোল্লাপাড়ায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে নিত্যানন্দপুর ইউনিয়নের চেয়ারম্যান মফিজ উদ্দিন বিশ্বাস ও সাবেক চেয়ারম্যান ফারুক হোসেন বিশ্বাসের সমর্থকদের মধ্যে বিরোধ চলে আসছিলো। গত উপজেলা পরিষদ নির্বাচনে ফারুক হোসেন জয়ী চেয়ারম্যান প্রার্থী মোস্তফা আরিফ রেজা মন্নু ও মফিজ উদ্দিন শামীম হোসেন মোল্লাকে সমর্থন নেয়। উপজেলা নির্বাচনে চেয়ারম্যান পদে মোস্তফা আরিফ রেজা মন্নু নির্বাচিত হওয়ার পর থেকেই নিত্যানন্দপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে ফারুক হোসেনের সমর্থকরা ইউনিয়নের বিভিন্ন গ্রামে মফিজ উদ্দিনের সমর্থকদের মারধর ও বাড়িঘরে হামলা চালিয়ে আসছে। এরই জের ধরে শনিবার রাতে শেখড়া গ্রামের ফারুকের সমর্থক আমোদ ফকির ও গিয়াস বিশ্বাসের লোকজন মফিজের সমর্থক শাহাদাৎ শেখ, মনিরুল শেখ, আবু কালাম, গফুর মোল্লা, মজিবর শেখ, আজিবর শেখসহ ১০ জনের বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট করে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। এ ঘটনার পর এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

শৈলকুপা থানার ওসি সফিকুল ইসলাম চৌধুরী বলেন, শেখড়া গ্রামে গেল রাতে মফিজ উদ্দিনের সমর্থকদের কয়েকটি বাড়ি ভাংচুর করেছে ফারুকের লোকজন। আমরা রাতেই গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে এনেছি। বর্তমানে এলাকার পরিস্থিতি শান্ত রয়েছে। লিখিত অভিযোগ দিলে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।